# পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

আচার্য প্রফুল্লচন্দ্র ভবন, ডি কে ৭/১, সেক্টর ২, বিধাননগর, কলকাতা ৭০০ ০৯১

২৩২১ ১২০১/২ ☎ ২৩৫৯ ৮০৯৯/৮১৩৫, ২৩৩৪ ৮৯৮৩

secretary.wbbpe@gmail.com, website - www.wbbpe.org


নংঃ ২৫৫৮/বিপিই/২০১৭ তারিখ ০৯/১০/২০১৭

# বিজ্ঞপ্তি

## গ্রাম পঞ্চায়েত, চক্র, মহকুমা, জেলা এবং রাজ্যস্তরের প্রাথমিক/নিম্ন বুনিয়াদি বিদ্যালয়, মাদ্রাসা ও শিশু শিক্ষা কেন্দ্র সমূহের সকল ছাত্রছাত্রী (বিশেষ চাহিদা সম্পন্ন শিশু সহ) বৃন্দের জন্য ৩৫তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭

সভাপতি, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের পক্ষ থেকে সভাপতি, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, সভাপতি, পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ, অধিকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিকার, অধিকর্তা, শিশু শিক্ষা মিশন, জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক), জেলা শারীর শিক্ষা ও যুবকল্যাণ আধিকারিক/সংগঠক, মুখ্য প্রবন্ধক (শিক্ষা), কলকাতা পৌরনিগম, এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রেরণ করা হল। **৩৫তম রাজ্য ক্রীড়া প্রতিযোগিতা আগামী ২০-২১ ডিসেম্বর, ২০১৭ তারিখ (সম্ভাব্য)** পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের আয়োজনে ***বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গণে (বিধাননগর)*** অনুষ্ঠিত হবে। ***প্রতিযোগিতার চূড়ান্ত তারিখ ও বিস্তারিত প্রস্তুতি পরে জানান হবে।*** পূর্বের ন্যায় বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গণের (বিধাননগর) যুব আবাসে রিপোর্টিং করতে হবে **১৯ ডিসেম্বর, ২০১৭** তারিখ।

১। গ্রাম পঞ্চায়েতস্তর থেকে জেলাস্তরের প্রতিযোগিতা **২৩ অক্টোবর, ২০১৭ থেকে শুরু করে ৩০ নভেম্বর, ২০১৭** তারিখের মধ্যে শেষ করে নির্বাচিত প্রতিযোগীদের বিভাগ ও ইভেন্টভিত্তিক নামের তালিকা এন্ট্রি শীটে পূরণ করে, ডাক টিকিট সাইজের ফটোসহ যোগ্যতার শংসাপত্র পূরণ করে আবশ্যিকভাবে ১৫ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদে দুই কপি পাঠাতে হবে। রাজ্য পর্যায়ের প্রতিযোগী ছাত্র-ছাত্রীদের জন্ম তারিখ, শ্রেণি, ঠিকানা (প্রতিযোগী বিশেষ চাহিদা সম্পন্ন হলে প্রতিবন্ধকতার ধরন) ইত্যাদি সহ যোগ্যতা সংক্রান্ত শংসাপত্র (এলিজিবিলিটি সার্টিফিকেট) বালক, বালিকা এবং নির্দিষ্ট বিভাগ অনুযায়ী দিতে হবে। যোগ্যতা সংক্রান্ত শংসাপত্রের সঙ্গে জন্ম তারিখ সংক্রান্ত শংসাপত্রও (প্রত্যয়িত প্রতিলিপি) জমা দিতে হবে। জন্ম তারিখ সংক্রান্ত প্রামাণ্য তথ্য হিসেবে পঞ্চায়েত (প্রধান), মহকুমা স্বাস্থ্য কেন্দ্র, পৌরসভা এবং প্রজ্ঞাপিত অঞ্চল কর্তৃপক্ষের শংসাপত্র ছাড়াও অভিভাবকের ঘোষণা বিবেচিত হবে। ছাত্র-ছাত্রীদের যোগ্যতা সংক্রান্ত উল্লিখিত তথ্যাদি বিদ্যালয়ের রেকর্ড থেকে (ভর্তি, বার্ষিক পরীক্ষা সংক্রান্ত ইত্যাদি) যাচাই করে উক্ত শংসাপত্রে স্বাক্ষর করতে হবে। এই কাজটি জেলা প্রতিযোগিতার আগেই সম্পন্ন করে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদে প্রবেশপত্র ইত্যাদি পাঠাতে হবে।

২। **এন্ট্রি শীটের যাবতীয় তথ্য ১৫ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে মূল এন্ট্রি শীট ও উপর্যুক্ত এলিজিবিলিটি সার্টিফিকেট, জন্ম তারিখ সংক্রান্ত শংসাপত্র ইত্যাদি দুই-প্রস্থ (Two Set) বালক ও বালিকা পৃথক ফাইলে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ দপ্তরে জমা দিতে হবে।** (জন্ম সংক্রান্ত প্রামান্য তথ্য ব্যতীত কোনো প্রবেশপত্র গ্রাহ্য হবে না)।

৩। প্রতি স্তরের প্রতিযোগিতাতেই সমস্ত প্রাথমিক ও নিম্ন বুনিয়াদি বিদ্যালয়, সরকারি বিদ্যালয়, কলকাতা পৌর নিগম পরিচালিত প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা ও শিশু শিক্ষা কেন্দ্রের প্রাথমিক বিদ্যালয় সমূহের সকল ছাত্র-ছাত্রীদের (বিশেষ চাহিদা সম্পন্ন শিশু সহ) অংশগ্রহণ করানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। কলকাতা পৌর নিগমকে একটি আলাদা জেলা হিসাবে গণ্য করা হবে। অতএব রাজ্য পর্যায়ের মূল প্রতিযোগিতায় মোট ২২টি জেলা দল অংশগ্রহণ করবে।

৪। ৩৫ তম রাজ্য প্রাথমিক/নিম্ন বুনিয়াদি বিদ্যালয়, মাদ্রাসা ও শিশু শিক্ষা কেন্দ্র সমূহের (বিশেষ চাহিদা সম্পন্ন শিশু সহ) ক্রীড়া প্রতিযোগিতা নিম্নলিখিত বিভাগ ও ইভেন্ট অনুসারে পরিচালিত হবে ঃ

বিভাগ ক ঃ বালক ও বালিকা উভয় ক্ষেত্রেই ১২২ সেমি পর্যন্ত।

ইভেন্ট ঃ ৭৫ মিটার দৌড়, দীর্ঘ লম্ফন, সাটল দৌড় (ক্রাউচ / নর্মাল স্টার্ট)।

বিভাগ খ ঃ বালক ১২২.০১ সেমি - ১৩৩.০০ সেমি
বালিকা ১২২.০১ সেমি - ১৩২.০০ সেমি
ইভেন্ট ঃ ১০০ মিটার দৌড়, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফন, দীর্ঘ লম্ফন ও জিম্‌নাস্টিক্।

বিভাগ গ ঃ বালক ১৩৩.০১ সেমি - ১৪৮.০০ সেমি
বালিকা ১৩২.০১ সেমি - ১৪৫.০০ সেমি
ইভেন্ট ঃ ১০০ মিটার দৌড়, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফন, দীর্ঘ লম্ফন, হাঁড়ি ভাঙ্গা ও জিম্‌নাস্টিক্।

৫। সর্বাধিক অংশগ্রহণ ঃ
ক, খ ও গ বিভাগ ঃ দু'টি ইভেন্ট (রিলে দৌড় ব্যতীত)। সামগ্রিকভাবে রাজ্য প্রতিযোগিতায় সর্বাধিক চার বার অংশগ্রহণ করতে পারবে।

৬। এ্যাথলেটিক্‌স ইভেন্টে উচ্চতা অনুযায়ী নির্দিষ্ট বিভাগে অংশগ্রহণ আবশ্যক। জিম্‌নাস্টিক্ ইভেন্টের জন্য এই বিধি-নিষেধ নেই। তবে জিম্‌নাস্টিক্ ইভেন্টে 'ক' বিভাগের প্রতিযোগী 'খ' বিভাগে অংশগ্রহণ করলে 'ক' বিভাগের অন্য কোনো ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে না।

৭। জেলা ও রাজ্য পর্যায়ের প্রতিযোগিতায় প্রতি ক্ষেত্রে (চূড়ান্ত পর্যায়) সব প্রতিযোগীর পারফর্মেন্সের রেকর্ড (সময়/দূরত্ব/উচ্চতা) নথিভুক্ত করতে হবে।


৮। জেলা ও রাজ্য পর্যায়ের প্রতিযোগিতার পূর্বে প্রতিযোগীদের উচ্চতার পরিমাপ করা হবে। জেলা ও রাজ্যস্তরের পরিচালন সমিতি দ্বারা গঠিত টেকনিক্যাল কমিটি উচ্চতা পরিমাপের বিষয়টি তত্ত্বাবধান করবে। রাজ্য প্রতিযোগিতার সময়ে যে পরিমাপ নেওয়া হবে সেটিই চূড়ান্ত পরিমাপ হিসেবে গণ্য করা হবে এবং প্রতিবাদ/পুনরায় পরিমাপের আবেদন গ্রাহ্য হবে না।

৯। বিগত প্রতিযোগিতাগুলির মত এবারেও এ্যাথলেটিক্‌স ও জিম্‌নাস্টিক্ বিভাগে পৃথক প্রতিযোগিতা পরিচালন করা হবে এবং এ্যাথলেটিকস ও জিম্‌নাস্টিক্ বিভাগ দু'টির জন্য পৃথকভাবে বিজয়ী জেলা দল ঘোষণা করা হবে।

১০। জিম্‌নাস্টিক্ (Floor-Exercise)-এর যে সকল ফিগার আবশ্যিক সেগুলি ছাড়াও অংশগ্রহণকারী প্রতিযোগীগণ নিজ নিজ পছন্দ অনুযায়ী ঐচ্ছিক বিষয়ে অন্যান্য কঠিন ফিগারও দেখাতে পারবে। (খ ও গ বিভাগের বালক-বালিকাদের জন্য প্রযোজ্য)। জিম্‌নাস্টিক্ প্রতিযোগিতা নূতন নিয়ম ও চিত্র অনুযায়ী অনুষ্ঠিত হবে (নির্দেশাবলী ও চিত্র পৃথকভাবে দেওয়া হল)।

১১। রাজ্যস্তরের প্রতিযোগিতায় যোগদানকারী প্রত্যেক দলকে নিজ নিজ জেলা পতাকা নিয়ে কুচকাওয়াজ -এ অংশগ্রহণ করতে হবে এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী জেলা দলকে পুরস্কৃত করা হবে। প্রতি দলকে অন্তত দু'টি করে পতাকা অবশ্যই সঙ্গে আনতে হবে।

১২। আলু দৌড়ের (সাট্‌ল রেস) ক্ষেত্রে তিনটি আলু স্টার্ট লাইন থেকে ১০ মিটার সামনে থাকবে। তিনটি পর্যায়ে একটি করে আলু সংগ্রহ করে নির্দিষ্ট মাটির সরাতে রেখে স্টার্ট লাইন থেকে সামনের দিকে ১৫ মিটার দূরের ফিনিশ লাইন অতিক্রম করতে হবে।




১৩। ৪X১০০ মিটার রিলে দৌড় প্রতি বিভাগে অংশগ্রহণকারী বালক-বালিকাদের নিয়ে আলাদাভাবে অনুষ্ঠিত হবে। এই রিলে দৌড় প্রতিযোগিতার জন্যে বিভিন্ন বিভাগে অংশগ্রহণকারী প্রতিযোগীদের ভেতর থেকেই দল গঠন করতে হবে। অর্থাৎ, এর জন্য কোনো অতিরিক্ত প্রতিযোগী আনা চলবে না। রিলে দৌড়ের জন্যে জেলা দল গঠন করার সময় প্রতি বিভাগ থেকে অন্তত একজন করে প্রতিযোগীকে অন্তর্ভুক্ত করতে হবে। প্রথম রানার 'ক' বিভাগ থেকে, দ্বিতীয় রানার 'খ' বিভাগ থেকে, তৃতীয় রানার 'গ' বিভাগ থেকে এবং চতুর্থ রানার যে কোনো বিভাগ থেকে আসবে। রিলে দৌড়ের পয়েন্ট সামগ্রিকভাবে এ্যাথলেটিক্‌স -এ জেলা বিজয়ী দল স্থির করার সময় বিবেচিত হবে।

১৪। উচ্চ লম্ফন ঃ ক্রসবারের (Cross Bar) প্রারম্ভিক উচ্চতা হবে ৮০ সেমি (মাটি থেকে)।

১৫। দীর্ঘ লম্ফন ঃ টেক্ অফ বোর্ড (Take-off Board) জাম্পিং পিট থেকে ১ মিটার দূরে রাখা হবে।

১৬। ক্রমিক নং ৪ -এর 'গ' বিভাগে হাঁড়ি ভাঙা বিষয়ে নিয়মাবলী নিম্নে দেওয়া হল।


ক) যে স্থলে হাঁড়ি থাকবে তাঁর থেকে ১০ (দশ) মিটার দূরে একটি লাইন কাটা হবে যা স্টার্টিং পয়েন্ট হিসাবে গন্য হবে এবং সেই লাইনটি চওড়া হবে ৩ (তিন) মিটার। অর্থাৎ ১০মি.x৩মি. এর একটি আয়তক্ষেত্র কাটতে হবে।

খ) স্টার্টিং পয়েন্টে প্রতিযোগীর চোখের উপর তুলা দিয়ে তার উপর কাপড় (কালো হলে ভালো হয়) দিয়ে বেঁধে দিতে হবে, যাতে কিছু দেখতে না পায়। এরপর প্রতিযোগীকে এক পাক ঘুরিয়ে হাঁড়ির দিকে মুখ করে দাঁড় করিয়ে দিতে হবে।

গ) হাঁড়ির মাপ ঃ ৫(পাঁচ) কেজি দই-এর হাঁড়ির ব্যবহৃত হবে।
লাঠির মাপ ঃ ২$\frac{১}{২}$ (আড়াই) ফুট লাঠি অথবা উইকেট ব্যবহার করা করতে হবে।

ঘ) ৩০(তিরিশ) সেকেন্ডের মধ্যে প্রতিযোগীকে খেলাটি শেষ করতে হবে। প্রতিযোগী প্রথমে যে স্থলে (মাটিতে) লাঠি ফেলবে সেটাই তার পয়েন্ট ধরে সেখান থেকে হাঁড়ির দূরত্ব মাপতে হবে ও লিখে রাখতে হবে। একাধিক প্রতিযোগী হাঁড়ি ভাঙলে সেক্ষেত্রে তাদের মধ্যে পুনরায় খেলাটি করতে হবে। এইভাবে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ণয় করতে হবে। প্রতিযোগী কোনোভাবেই আয়তক্ষেত্রের বাইরে যেতে পারবে না, গেলে বাতিল হয়ে যাবে।

ঙ) লক্ষ্য রাখতে হবে পাশ থেকে কেউ যাতে কোনো দিক নির্দেশক কথা না বলেন। সম্ভব হলে প্রতিযোগিতা চলাকালীন সঙ্গীতের ব্যবহার করা যেতে পারে।




১৭। পিরামিড ঃ রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক জেলা দলকে জাতীয় সংহতি এবং ক্রীড়া মানসিকতার প্রতি লক্ষ্য রেখে সর্বাধিক ৩ (তিন) মিনিটের মধ্যে যন্ত্র সংগীত সহ নিজেদের পছন্দ মতো একটি ফিগার (পিরামিড) গঠন করতে হবে। পিরামিড গঠন প্রক্রিয়ায় যন্ত্র সংগীত ব্যবহার না করলে পয়েন্ট বাদ যাবে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রথম তিনটি দলকে পুরস্কৃত করা হবে কিন্তু এই প্রতিযোগিতায় অর্জিত পয়েন্ট কখনই সামগ্রিকভাবে বিজয়ী দল স্থির করার জন্য বিবেচিত হবে না। এছাড়াও মাঠের মধ্যে এবং বাইরে ক্রীড়ানৈপুণ্য, ক্রীড়াসুলভ মনোভাব ও সু-আচরণ প্রদর্শনের জন্য একটি জেলা দলকে পুরস্কার হিসেবে 'ফেয়ার প্লে' ট্রফি দেওয়া হবে। এটি একটি ফেরতযোগ্য ট্রফি (রানিং ট্রফি)।

১৮। ৭৫ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার এবং রিলে দৌড় শুরু করা হবে পিস্তলের আওয়াজের সংকেত দিয়ে (সাথে বিশেষ চাহিদা সম্পন্ন প্রতিযোগীদের কথা বিবেচনা করে রঙিন রুমাল ব্যবহার করতে হবে), পরিবর্ত হিসাবে ক্ল্যাপার ব্যবহার করা যেতে পারে (তবে রঙিন রুমালের ব্যবহার বাধ্যতামূলক), কিন্তু কখনই বাঁশি ব্যবহার করা যাবে না।

১৯। প্রতি বিষয়ে প্রথম তিনজন স্থানাধিকারীর প্রাপ্ত পয়েন্ট হবে যথাক্রমে ৫, ৩ এবং ১ কিন্তু রিলে দৌড়ের ক্ষেত্রে এই পয়েন্ট হবে যথাক্রমে ১০, ৬ এবং ২। যুগ্ম বিজয়ীর ক্ষেত্রে প্রতিযোগীদের ভিতর এই পয়েন্ট সমান ভাবে ভাগ করে দেওয়া হবে।

২০। পিরামিড ছাড়া প্রতিক্ষেত্রে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কার এবং বাকী প্রতিযোগীদের জন্যে সান্ত্বনা পুরস্কারের ব্যবস্থা থাকবে (জেলা ও রাজ্য দুই পর্যায়েই)।

২১। কর্তৃপক্ষকে অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন আনুমানিক বয়স নির্নয়ের জন্য "Rapid Assessment of Approximate Age" ব্যবস্থার প্রচলন করেন। এই ব্যবস্থার জন্য ২ জন স্থানীয় সাধারণ চিকিৎসক (যাঁদের মধ্যে একজন পুরুষ ও অন্যজন মহিলা চিকিৎসক হবেন), ও একজন দন্ত চিকিৎসকের সাহায্য গ্রহণ করতে হবে। এই উদ্দেশ্যে জেলার Chief Medical Officer of Health (CMOH) কে প্রয়োজনীয় সহযোগিতার জন্য লিখিত অনুরোধ করতে হবে। যেসমস্ত প্রতিযোগীর ব্যাপারে সন্দেহের অবকাশ থাকবে, তাদের ক্ষেত্রে বিধিসম্মত ডাক্তারি পরীক্ষার প্রক্রিয়া চালাতে হবে। আনুমানিক বয়স নির্ধারণের জন্য ডাক্তারি পরীক্ষা-নীরিক্ষার প্রক্রিয়া জেলা আধিকারিক, শারীর শিক্ষা ও যুবকল্যাণ দপ্তর ও অবৈতনিক সম্পাদক, জেলা ক্রীড়া সংসদ - এর দ্বারা সমন্বিত হতে হবে। উপযুক্ত অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় নথিতে উপরোক্ত আধিকারিকদের স্বাক্ষর, চিকিৎসকগণের স্বাক্ষরের সঙ্গো অবশ্যই থাকবে।

২২। কর্মসূচীর অন্তর্গত টেকনিক্যাল বিষয়গুলি অতি অবশ্যই জেলা আধিকারিক, শারীর শিক্ষা ও যুবকল্যাণ দপ্তর ও অবৈতনিক সম্পাদক, জেলা ক্রীড়া সংসদ কর্তৃক নিয়ন্ত্রিত হবে। অতএব, এই দুই আধিকারিকের পরামর্শ ও যোগদান সমস্ত

টেক্‌নিক্যাল বিষয়েই আবশ্যিক। ট্রাক ও ফিল্ড ইভেন্টস্‌গুলি অবশ্যই জেলা ক্রীড়া সংসদ দ্বারা পরিচালিত হবে জেলা আধিকারিক, শারীর শিক্ষা ও যুবকল্যাণ-এর প্রত্যক্ষ অধীক্ষণে।

২৩। রাজ্য প্রতিযোগিতায় জিম্‌নাস্টিক -এর জন্য বিচারকমন্ডলীতে সংগঠক জেলার পক্ষ থেকে দু'জন বিচারক অন্তর্ভুক্ত হবেন, বাকী বিচারক রাজ্য কমিটির তরফ থেকে পাঠানো হবে। এ্যাথলেটিক্স -এর দৌড় ও লম্ফন -এই দুই বিভাগে রাজ্য কমিটির তরফ থেকে যথাক্রমে দু'জন করে মোট চারজন পর্যবেক্ষক পাঠানো হবে।

২৪। জেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠু পরিচালনার স্বার্থে জেলা ক্রীড়া পরিচালন সমিতিতে নিম্নলিখিত পদাধিকারীদের অংশগ্রহণ আবশ্যিক ঃ

- ক) সভাপতি, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ - সভাপতি
- খ) জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা) তথা সচিব, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ - আহ্বায়ক
- গ) জেলা প্রকল্প আধিকারিক, সর্ব শিক্ষা মিশন - সদস্য
- ঘ) জেলা শারীর শিক্ষা ও যুবকল্যাণ আধিকারিক - সদস্য
- ঙ) জেলা প্রকল্প সমন্বায়ক, সমন্বিত শিক্ষা বিভাগ, সর্ব শিক্ষা মিশন - সদস্য
- চ) জেলা শারীর শিক্ষা সংগঠক - সদস্য
- ছ) জেলা পরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ- সদস্য
- জ) সাধারণ সম্পাদক, জেলা বিদ্যালয় ক্রীড়া সংসদের - সদস্য এবং
- ঝ) প্রাথমিক শিক্ষার সাথে যুক্ত শিক্ষক ও কর্মচারী সংগঠনগুলির একজন করে প্রতিনিধি-সদস্য।

২৫। জেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠু পরিচালনার স্বার্থে একটি টেক্‌নিক্যাল কমিটি অবশ্যই গঠন করতে হবে। এই কমিটি নিম্নলিখিত পদাধিকারীগণকে নিয়ে গঠন করতে হবে ঃ

- ক) সভাপতি, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ - সভাপতি
- খ) জেলা শারীর শিক্ষা ও যুবকল্যাণ আধিকারিক - আহ্বায়ক
- গ) জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা) তথা সচিব, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ - সদস্য
- ঘ) জেলা শারীর শিক্ষা সংগঠক - সদস্য
- ঙ) জেলা প্রকল্প সমন্বায়ক, সমন্বিত শিক্ষা বিভাগ, সর্ব শিক্ষা মিশন - সদস্য
- চ) সাধারণ সম্পাদক, জেলা বিদ্যালয় ক্রীড়া সংসদ - সদস্য
- ছ) যে মহকুমায় জেলা প্রতিযোগিতা হবে সেই মহকুমা বিদ্যালয় ক্রীড়া সংস্থার সম্পাদক - সদস্য
- জ) একজন শারীর শিক্ষার শিক্ষক - সদস্য এবং
- ঝ) একজন শারীর শিক্ষার শিক্ষিকা - সদস্যা।

২৬। চক্র পর্যায় থেকে জেলা পর্যায় হয়ে রাজ্য পর্যায় প্রতিযোগিতা সমূহ জেলা শারীর শিক্ষা ও যুব কল্যাণ আধিকারিক, জেলা প্রকল্প সমন্বায়ক, সমন্বিত শিক্ষা বিভাগ, সর্ব শিক্ষা মিশন এবং জেলা বিদ্যালয় ক্রীড়া সংসদের সহযোগিতায় সম্পন্ন করতে হবে।

২৭। রাজ্যস্তরের ক্রীড়া প্রতিযোগিতায় কেবলমাত্র জেলাস্তরের প্রতিযোগিতার প্রথম স্থানাধিকারী প্রতিযোগীরাই অংশগ্রহণ করতে পারবে। অর্থাৎ, প্রত্যেক জেলা থেকে একজন করে প্রতিযোগী প্রতি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। বিভিন্ন জেলা দলে অংশগ্রহণকারী প্রতিযোগীর সংখ্যা কোনক্রমেই ২৮ (আঠাশ) জনের বেশি হবে না। এছাড়াও প্রতি জেলা দলের সঙ্গে একজন প্রাথমিক শিক্ষিকা ও একজন প্রাথমিক শিক্ষক অংশগ্রহণকারী প্রতিযোগীদের তদারকির জন্য, দু'জন জেলা সংসদ প্রতিনিধি (একজন প্রাথমিক শিক্ষক ও একজন সংসদ কর্মচারী হওয়া বাঞ্ছনীয়), দু'জন প্রশিক্ষক (একজন মহিলা ও একজন পুরুষ), জেলা শারীর শিক্ষা ও যুবকল্যাণ আধিকারিক/সংগঠক এবং একজন জেলা দলের ম্যানেজার হিসাবে আসতে পারেন। জেলা দলের মোট সদস্য সংখ্যা ৩৬ (২৮+৮) জনের বেশি হবে না। উক্ত ব্যক্তিগণের পরিবর্তে অন্য কেউ আসতে পারবেন না।

প্রত্যেক অংশগ্রহণকারী জেলা সংসদ সভাপতি, পর্ষদ সদস্য/সদস্যা, জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা), জেলা প্রকল্প আধিকারিক, কলকাতা পৌর নিগমের মেয়র পারিষদ সদস্য (শিক্ষা) ও মুখ্য প্রবন্ধক (শিক্ষা), শিক্ষা সচিব, গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল এ্যাড্‌মিনিস্ট্রেশন (জি.টি.এ.) -কে রাজ্যস্তরের প্রতিযোগিতায় অতিথি হিসাবে উপস্থিত থাকার জন্য অবশ্যই অনুরোধ করতে হবে।

২৮। রাজ্য প্রতিযোগিতা উদ্বোধনের আগের দিন অতি অবশ্যই জেলা দলগুলিকে উপস্থিত হতে হবে। কারণ উদ্বোধনের দিন উচ্চতা পরিমাপ করা হবে না এবং উচ্চচতা পরিমাপ করা না হলে ঐ দল প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত হবে।

২৯। জেলা ও রাজ্য পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার সময় মাঠে ও শিবিরে অ্যাম্বুল্যান্স ও চিকিৎসক সহ প্রাথমিক চিকিৎসার যাবতীয় ব্যবস্থা রাখতে হবে।

(ড. রত্না চক্রবর্তী বাগচী)
সচিব
পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

নংঃ ২৫৫৮/১(১৪০)/বিপিই/২০১৭ তাং ০৯/১০/২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থার্থে প্রেরিত হলঃ

১) সচিব, বিদ্যালয় শিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, বিকাশ ভবন (৫ম তল), বিধাননগর, কলকাতা ৯১।

২) কমিশনার, বিদ্যালয় শিক্ষা, পশ্চিমবঙ্গ, বিকাশ ভবন (৭ম তল), বিধাননগর, কলকাতা ৯১।

৩) রাজ্য প্রকল্প অধিকর্তা, সর্ব শিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ, বিকাশ ভবন (২য় তল), বিধাননগর, কলকাতা ৯১।

৪) অধিকর্তা, পশ্চিমবঙ্গ রাজ্য শিশু শিক্ষা মিশন, এল বি ২, সেক্টর ৩, বিধাননগর, কলকাতা ৭০০০৯৮।

৫) উপ-অধিকর্তা (শারীর শিক্ষা), বিদ্যালয় শিক্ষা অধিকার, বিকাশ ভবন (২য় তল), বিধাননগর, কলকাতা ৯১।
বিভিন্ন জেলায় অবস্থিত সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা/শিক্ষকগণকে সংশ্লিষ্ট জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদের সাথে যোগাযোগ রেখে 'চক্র, জেলা এবং রাজ্যস্তরের প্রাথমিক/নিম্ন বুনিয়াদি বিদ্যালয়, মাদ্রাসা ও শিশু শিক্ষা কেন্দ্র সমূহের সকল ছাত্রছাত্রী (বিশেষ চাহিদা সম্পন্ন শিশু সহ) বৃন্দের জন্য বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৬' অংশগ্রহণ বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হচ্ছে।

৬) সম্পাদক, রাজ্য বিদ্যালয় ক্রীড়া কমিটি, বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গণ, বিধাননগর, কলকাতা।

৭) সভাপতি, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, ............................ জেলা।

৮) জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা), ............................ জেলা।

৯) জেলা শারীর শিক্ষা ও যুবকল্যাণ আধিকারিক, ............................ জেলা।

১০) জেলা প্রকল্প আধিকারিক, সর্ব শিক্ষা মিশন, ............................ জেলা।

১১) জেলা প্রকল্প সমন্বায়ক, সমন্বিত শিক্ষা বিভাগ, সর্ব শিক্ষা মিশন, ............................ জেলা।

১২) সাধারণ সম্পাদক, জেলা বিদ্যালয় ক্রীড়া সংসদ, ............................ জেলা।

১৩) মুখ্য প্রবন্ধক (শিক্ষা), কলকাতা পৌর নিগম, শিক্ষা বিভাগ, ১ হগ স্ট্রীট, কলকাতা ৭০০ ০৮৭।

১৪) শ্রী/শ্রীমতী ..........................................................................................................।

(ড. রত্না চক্রবর্তী বাগচী)
সচিব
পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

সংযুক্তি ঃ

১। জিমন্যাস্টিক বিষয়ে নির্দেশাবলী।

২। 'যোগ্যতা বিষয়ক শংসাপত্র'
'শপথ বাক্য' -এর নমুনা।

৩। প্রয়োজনীয় নিয়ম।

# নির্দেশাবলী

## জিম্‌নাস্টিক

১। আর্টিস্টিক জিমনাস্টিকের অন্তর্গত ফ্লোর এক্সারসাইজগুলিতে এ্যাক্রোবেটিক ও জিম্‌নাস্টিক এলিমেন্টগুলি চিত্র অনুযায়ী করতে হবে। অতিরিক্ত কোনো এলিমেন্টের জন্যে পয়েন্ট বাদ যেতে পারে।

২। শুধুমাত্র যন্ত্র সঙ্গীত ব্যবহার করতে হবে এবং যন্ত্র সঙ্গীতের ব্যবহার অতি অবশ্যই এক্সারসাইজ/মুভমেন্টের সাথে নিকট সম্পর্ক রেখে করতে হবে।


৩। আর্টিস্টিক জিম্‌নাস্টিক্ -এর প্রতিটি এক্সারসাইজ/মুভমেন্ট ছন্দোময় হওয়া আবশ্যক; ছন্দ বিঘ্নিত এক্সারসাইজ -এর জন্য পয়েন্ট বাদ যেতে পারে।

৪। ওয়ার্মিং আপ -এর সময় যন্ত্র সঙ্গীত ব্যবহার করা যাবে না।


৫। এক্সারসাইজ -এর শেষ অংশটিও ছন্দময় হওয়া আবশ্যক।

৬। সম্পূর্ণ ফ্লোর এরিয়া ব্যবহার না করার জন্য পয়েন্ট বাদ যেতে পারে।

# BOYS'



# GIRLS'



# প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা, ২০১৭

## যোগ্যতার শংসাপত্র

## ........................ জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ বা কলকাতা পৌর নিগম

বিষয়ঃ এ্যাথলেটিক্‌স / জিমনাস্টিক্‌

বিভাগ ঃ বালক / বালিকা --- ক / খ / গ

প্রতিযোগীর স্বাক্ষরসহ ছবির প্রত্যয়িত প্রতিলিপি

১. প্রতিযোগী/প্রতিযোগিনীর নাম ঃ ______

২. পিতার নাম ঃ ______

৩. ঠিকানা (থাকলে ফোন/ মোবাইল নং ও পিন সহ) ঃ ______

______

৪. বিদ্যালয়ের নাম ঃ ______

৫. চক্রের (Circle) নাম ঃ ______

৬. জন্ম তারিখ ঃ ______ ৭. পাঠরত শ্রেণি ঃ ______

৮. প্রতিযোগী বিশেষ চাহিদা সম্পন্ন হলে প্রতিবন্ধকতার ধরন ঃ ______

৯. প্রতিযোগী/প্রতিযোগিনীর উচ্চতা ঃ ______

১০. পায়ের পাতার মাপ ঃ ______ ১১. কোমরের মাপ ঃ ______

১২. প্রতিযোগী/ প্রতিযোগিনীর স্বাক্ষর ঃ ______

(স্বাক্ষর)
প্রধান শিক্ষক/শিক্ষিকা
................................................ প্রাথমিক/
নিম্ন বুনিয়াদি বিদ্যালয় /মাদ্রাসা / শিশু শিক্ষা কেন্দ্র

(প্রতি স্বাক্ষর)
সভাপতি, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ/মুখ্য
প্রবন্ধক (শিক্ষা), কলকাতা পৌর

বিঃ দ্রঃ – যোগ্যতার শংসাপত্র ও জন্ম সংক্রান্ত শংসাপত্রের দু'টি করে প্রতিলিপি মূল প্রবেশপত্রের (entry sheet) সঙ্গো দিতে হবে।

# অঙ্গীকার

"আমরা অঙ্গীকার করিতেছি যে আমরা প্রাথমিক ও নিম্ন বুনিয়াদি বিদ্যালয়, মাদ্রাসা ও শিশু শিক্ষা কেন্দ্র সমূহের ৩৪তম রাজ্য প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার নিয়মাবলী মান্য ও পালন করিয়া প্রকৃত খেলোয়াড়সুলভ মনোভাব লইয়া খেলার গৌরব এবং আমাদের দলের সম্মানার্থে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করিব।"

# EVALUATION OF COMPETITION EXERCISES FOR BOYS' AND GIRLS' GROUP

## General Rules

1. There will be one type of competition and compulsory exercise only.
2. Each exercise shall be evaluated by a Jury, consisting of 4 or 5 judges. One of them will be act as Chief Judge.
3. Maximum and Minimum score will be eliminated and average of 2 middle score shall be Final Score.

FLOOR (BOYS')

| *No.* | *Elements and sequence* | *Value* |
|---|---|---|
| 1. | S.P. standing at Corner, Raise one Leg forward, Arm sideways, 2-3 running steps, round off back flip with back salto (tucked). | 2.50 |
| 2. | Jump with straight body turn 180° with balance (T). | 0.50 |
| 3. | Handstand roll forward with straight leg and stand. | 1.00 |
| 4. | 2-3 running steps with hand spring. | 2.00 |
| 5. | Fall forward to support position arm's bend and bring left leg forward to split sitting position arms sideways. | 1.00 |
| 6. | Press to hand stand (Hold 2 sc.) forward roll to stand. | 1.00 |
| 7. | 2-3 running steps followed by forward salto (tucked). | 2.00 |

FLOOR (GIRLS')

| *No.* | *Elements and sequence* | *Value* |
|---|---|---|
| 1. | S.P. round off back flip (2). | 2.00 |
| 2. | Two leap jumps in consecutive order. | 0.50 |
| 3. | Handstand 180° turn (Hold 2 sc.). | 1.00 |
| 4. | One leg 180° turn with balance (T). | 1.50 |
| 5. | Back walk over (2). | 1.00 |
| 6. | 2-3 running steps round off back flip. | 2.50 |
| 7. | Dancing movemrnts combination and connecting movements. | 1.50 |

# 35th STATE LEVEL ANNUAL SPORTS MEET, 2017

VENUE: VIVEKANANDA YUBA BHARATI KRIRANGAN, SALT LAKE CITY, KOLKATA,

ORG. BY WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION, KOLKATA, FROM 20 – 21nd DECEMBER, 2017

(TENTATIVE)

## ***ATHLETIC TECHNICAL HANDOUT***

1. **RULES**: The competition will be held as per the rules and regulation approved by SGFI/ and, West Bengal Board of Primary Education.
2. **VENUE**: The venue is Sports Authority of India (SAI), Netaji Subhas Eastern Centre, Salt Lake, Kolkata is having eight lane synthetic Track.
3. **UNIFORM OF ATHLETES**: Proper uniform as per the rules only will be allowed for participation.
4. **BIB NUMBER**: The Bib No. issued by the Organizing committee should be fixed in the chest and back with four pins each, except in verticals jumps. No athlete will be allowed to participate without their Bib Numbers supplied by the organizing committee.
5. **CALL ROOMS**: There is one (1) call room, located inside the stadium, nearby CD CUT OUT. The reporting times at the call Rooms is as follows:

a) For Track Events: 30 minutes before the scheduled time.

b) For Field Events (High Jump, Long Jump): 40 minutes before the scheduled time.

6. **WARM UP AREA**: Warm up arena is located at the CD CUT OUT near the call room of stadium.
7. **STARTING HEIGHT/QUALIFYING DISTANCE**:

| Sl. No. | Event | Group - A | | Group - B | | Group - C | |
|---|---|---|---|---|---|---|---|
| | | BOYS | GIRLS | BOYS | GIRLS | BOYS | GIRLS |
| 1. | HIGH JUMP | 1.00m | 0.90m | 1.10m | 1.00m | 1.15m | 1.05m |
| 2. | LONG JUMP | 2.00m | 2.00m | 2.00m | 2.00m | 2.00m | 2.00m |

8. **POINTS:** Championship points will be awarded as per State Committee's rules i.e. for Ist , 2nd & 3rd position 5, 3, & 1 points respectively, in case of joint position holders that point will be divided equally among the all position holders, for relay race 10, 06 & 02 points respectively.
9. **RESULTS:** Day's result and qualifying result for next round will be published within short time at the office, the final result to be provided to the manager only through C.D & hard copy along with International Rules & Regulations.
10. **RESTRICTION**: There is some restriction for entrance inside the stadium for Participants, Coaches & Managers during the meet.
11. **PROTEST**: In case of any dispute protest may be accepted to the Organizing Secretary within 30 minutes after completion of the events. No protest will be entertained against the decision of Referee/ Umpire.
12. **STARTS:** All races shall be started by the gun fired upwards, recalls by blowing the whistle repeatedly by the recall starters. Any athlete responsible for a **FALSE START SHALL BE WARNING.**
13. **QUALIFY TO FINAL ROUND RACE**: In case of 3 heats- 1st, 2nd position holder and best 2 (two) looser timer's shall be qualified for final race. The lane order for final run as follows for Shuttle & 75 M run

| Lane No | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
|---|---|---|---|---|---|---|---|---|
| POSITION AS PER TIME IN HEAT | | | | | | | | |

For 100 Mts. , 200m

| Lane No | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
|---|---|---|---|---|---|---|---|---|
| POSITION AS PER TIME IN HEAT | | | | | | | | |

For 4x100M Relay

| Lane No | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
|---|---|---|---|---|---|---|---|---|
| POSITION AS PER TIME IN HEAT | | | | | | | | |

14. **QUALIFY TO FINAL ROUND IN THE HORIZANTAL JUMPS** : In case of more than Eight(8) participants best of three trials shall be provided , followed by additional 3(three) trials will be provided in reverse order of performance, followed by 5th trial again reverse order of performance shall be followed for final trial (8th).
15. In 4x100m relay race it is mandatory for all runners to follow the order of groups for first lags to 4th as per group A-B-C & other.